

অতিব জরুরী

শেখ হাসিনার দর্শন
সব মানুষের উন্নয়ন

তাগিদপত্র-৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.০০০০.০০০.২২.০০২.১৫ ২৭৪২

তারিখ : ২১ অগ্রহায়ন ১৪২৩
০৫ ডিসেম্বর ২০১৬


বিষয়: ই-টেডারিং পদ্ধতিতে দরপত্র আহবানের কার্যক্রম গ্রহণ সংক্রান্ত।

সূত্র : স্থানীয় সরকার বিভাগের ২৯ সেপ্টেম্বর ২০১৬ তারিখের ৪৬.৪২.০০০০.০০০.২২.০০২.১৫.২৩৮৯ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিসভা বৈঠকের ১৬ ফেব্রুয়ারি ২০১৫ তারিখের সিদ্ধান্ত মোতাবেক স্থানীয় সরকার বিভাগ এবং আওতাধীন সকল দপ্তর/সংস্থায় ই-টেডারিং পদ্ধতি প্রবর্তনের উদ্যোগ গ্রহণ করা হয়। আগামী ৩১ ডিসেম্বর ২০১৬ এর মধ্যে সকল জেলা পরিষদে আবশ্যিকভাবে ই-টেডারিং চালু করতে হবে। উল্লেখ্য, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর মার্চিং এর ক্ষেত্রেও ই-টেডারিং পদ্ধতি চালুর বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। সে প্রেক্ষিতে ২০ (বিশ) কার্যদিবসের মধ্যে স্ব-উদ্যোগে Central Procurement Technical Unit (CPTU) এর সাথে যোগাযোগ করে আবশ্যিকভাবে ই-টেডারিং পদ্ধতি চালু করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য সূত্রোক্ত স্মারকে অনুরোধ জানানো হয়েছিল। কিন্তু এখন পর্যন্ত জেলা পরিষদসমূহে ই-টেডারিং পদ্ধতি চালুর অগ্রগতি লক্ষ্য করা যায়নি।

২। এমতাবস্থায়, এখন পর্যন্ত যে সকল জেলা পরিষদ ই-টেডারিং পদ্ধতি চালু করতে সক্ষম হয়নি তাদেরকে স্ব-উদ্যোগে Central Procurement Technical Unit (CPTU) এর সাথে যোগাযোগ করে এবং সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডি কার্যালয়ের সহায়তা নিয়ে আগামী ১৩/১২/২০১৬ তারিখের মধ্যে আবশ্যিকভাবে ই-টেডারিং পদ্ধতি চালু করে স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

৩। বিষয়টি অতিব জরুরী।


(জুবাইদা নাসরীন)
উপ-সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-igzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা

৬১ জেলা পরিষদ (তিনটি পার্বত্য জেলা ব্যতীত)।

অনুলিপি :

- ১। মহাপরিচালক, সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই বাংলানগর, ঢাকা।
- ২। সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১/২), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।